শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

মার্চ / ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৬০ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৪ মার্চ ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্ধৃত) দ্বারা গৃহীত প্রকল্প সমূহের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। ৪৯টি প্রকল্পের মধ্যে ইতোমধ্যে ২২টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে, ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। অবশিষ্ট প্রকল্পের কাজ ঠিকাদারী প্রতিষ্টান অতিশীগ্রই শুরু করবেন মর্মে তিনি পরিষদকে অবহিত করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (অর্থায়নকারী সংস্থা-JICA) (৬ষ্ঠ পর্যায়) হতে ২০ (বিশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে যার বিপরীতে দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। গোলাপগঞ্জ উপজেলা পরিষদের শহীদ মিনার ও শহীদ মিনারের পার্শ্ববর্তী স্থান উন্নয়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়, উক্ত কাজে প্রায় ১,৯৬,৯৫০.০০ টাকা ব্যয় হবে । বিষয়টি পরিষদ কর্তৃক অনুমোদিত হলে বায়স্তবায়ন করা হবে মর্মে তিনি জানান ।তিনি আরো জানান যে, মহান স্বাধীনতা যুদ্ধে অংশ গ্রহনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণে তাঁর এলাকার সড়কের নাম করণের লক্ষ্যে প্রস্তাব গৃহীত হয়েছে। প্রস্তাব অনুযায়ী দেখা যায় যে, এলজিইডি'র Inventory ভূক্ত Road ID ৬৯১৩৮৫০১২ পরগনা বাজার - পূর্বগাঁও- চৌধুরী বাজার সড়ক এর জন্য (১) বীর মুক্তিযোদ্ধা মোঃ তোতা মিয়া সড়ক এবং Road ID ৬৯১৩৮৪০০৯ ঢাকা দক্ষিন সুনামপুর রোড (রায়গড়)- সনের মসজিদ সড়কটির জন্য (২) বীর মুক্তিযোদ্ধা ছয়ফুল হোসেন খান সড়ক নাম করনের প্রস্তাব করা হয়েছে। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্ধৃত) দ্বারা গৃহীত ২০২৩-২০২৪ অর্থ বছরের পরিকল্পনা বর্ষা শুরুর আগেই শেষ করার পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা পরিষদের জন্য নির্ধারিত শহীদ মিনারের সামনের অংশের উন্নয়নের জন্য ব্যয়ের বিষয়ে পরিষদ কর্তৃক সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও দুই জন বীর মুক্তিযোদ্ধার স্মরণে (১) বীর মুক্তিযোদ্ধা মোঃ তোতা মিয়া সড়ক এবং (২) বীর মুক্তিযোদ্ধা ছয়ফুল হোসেন খান সড়ক নাম করনের প্রস্তাব পরিষদে সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাব মতে পরিষদ কর্তৃক অনুমোদিত হলে উক্ত সড়কদ্বয়ের নতুন নাম করনের প্রস্তাব জেলা পর্যায়ে করা যেতে পারে মর্মে তিনি জানান। | গৃহীত হলো এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২০,৩৪৭জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৬২ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৯২০ জন, নরমাল প্রসব সেবা ৬৯ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০৭ জন। ল্যাব টেষ্ট ৪৮০.আরবিএস ১৩৫। সর্বমোট ইউজার ফি জমা ৯৯২৪৫ টাকা। | হাসপাতালের সেবা গ্রহণের হার বৃদ্ধির কারনে শয্যা সংখ্যা বৃদ্ধির ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয় এবং উক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা গৃহীত বর্তমান ও ভবিষ্যত পদক্ষেপ সম্পর্কে সভাকে অবহিত করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০২৯৯ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৪০০৯১ জন, হার ৭৯.৭১%। গর্ভকালীন সেবা ৮১২ জন, প্রসব সেবা ৬০ জন, গর্ভোত্তর সেবা ২৭৯ জন, শিশু সেবা ৭৭৪ জন, রোগী ২৫৩৯ জন, জীবিত জন্মের সংখ্যা ২৬৪জন, মৃত্যুর সংখ্যা ৯৬ জন, সর্বমোট গর্ভবতী ১৮৩১ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৭০২ জন । বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান রবি মৌসুমে ৭৬২০ হেক্টর জমি বোরো চাষের লক্ষ্যমাত্রা ছিল এবংঅর্জন হয়েছে ৭৬২৫ হেক্টর।আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ২৬ টি মেইজ শেলার ২৬ টি কৃষক গ্রুপে বিতরন করা হবে। এই কৃষক গ্রুপগুলো পূর্বেই গঠন করা হয়েছে। প্রনোদনার আওতায় ১৫ জন কৃষককে পাট চাষের জন্য প্রনোদনা দেয়া হবে। এ ক্ষেত্রে ১৫ জন কৃষক ১৫ বিঘা জমিতে পাট চাষ করবেন। কৃষকদের সাথে কথা বলে ১৫ বিঘা এক মাসে ক্লাস্টার আকারে চাষ করলে সুবিধা পাওয়া যাবে এ ক্ষেত্রে শরীফগঞ্জ ইউনিয়ন ও আমুড়া ইউনিয়নে সমন্বয় করার একটি প্রস্তাবনা দেয়া হয়। | রবি মৌসুমে বোরো চাষের লক্ষ্যমাত্রা বৃদ্ধির জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার ভূমি/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ফেব্রুয়ারি মাসে মোট ৪০ চাষীকে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়। যে সকল মৎস্যজীবী জেলে আইডি কার্ড পায়নি তাদেরকে নতুন করে জেলে আইডি কার্ডের জন্য অত্র অফিসে যোগাযোগ করতে হবে। সে জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দদের সহযোগিতা কামনা করা হয়। | মৎস্য প্রশিক্ষন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোনাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস, ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস প্রতিটি বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস, ২৫ শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,এসএসসি পরীক্ষা২০২৪ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাষ্টের আওতায় ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উপবৃত্তি প্রদান করা হয়। শর্ত হিসাবে দরিদ্র পরিবারের সন্তান হওয়া আবশ্যক। এক্ষেত্রে জন প্রতিনিধিগণের নিকট অনুরোধ তাহারা যেন প্রকৃত দরিদ্র দেরকে সনাক্ত করতে সহায়তা করবেন। | মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাষ্টের আওতায় ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উপবৃত্তি প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় অবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে ২ জন যুব/যুব মহিলাকে ১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়েছে।চলতি অর্থবছরে এ যাবৎ ১২,৫০,০০০/- যুব ঋণ বিতরন | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। ফুলবাড়ী ইউনিয়নে আলমদিনা সমাজ কল্যান সংস্থার উদ্যোগে ৩০ জন যুব/ যুব মহিলাকে নার্সারী বিষয়ক প্রশিক্ষন চলমান রয়েছে। | রাখতে সচেষ্ট থাকবেন | কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে মোট ঋণ বিতরন ৫৫.৭৩ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৬৪.৪৭ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান,চলতি মাস পর্যন্ত মোট ১২৫ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। এ ছাড়া আইডিএ প্রশিক্ষনে (ইলেকট্রিক ও টেইলারিং মহিলা) ২ মাস ব্যাপী কোর্সে ৪০ জনকে প্রেরন করা হয়েছে এবং ০৫ টি সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। | অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন সংগ্রহ ২০২৩/২৪ কার্যক্রমে সিদ্ধ চাল সংগ্রহ ৪০ টন (শতভাগ) এবং আতপ চাল ১২৩ মে.টন (শতভাগ) সমানভাবে সংগ্রহ করা হয়েছে এবং ধান সংগ্রহ ৩৩.১৬০ মে.টন এর মাধ্যমে আমন সংগ্রহ সমাপ্ত হয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার অভ্যন্তরে বিদ্যমান বিভিন্ন সড়কে/ রাস্তার পাশে বনবিভাগের নিয়ন্ত্রাধীনে সৃজিত অনেক বনবাগান ও সরকারি গাছ পালা রয়েছে।বর্ণিত গাছগুলো অনেক সময় রাস্তার উপর হেলে পড়ে, মানষের বসত ভিটার ঘরের টিনের উপরে, স্থানীয়দের চলাচলের নিজস্ব রাস্তার ঠিক মধ্যখানে, বিদ্যুতের ট্রান্সমিটার ও তারের উপর অত্যন্ত ঝুকিপূর্ণ এবংজনগন ও যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী হিসেবে বিদ্যমান রয়েছে। ঝুকিপূর্ন গাছগুলো অপসারনে স্থানীয় জনগণের নিকট থেকে প্রায় সময়ে আবেদন আসে, সরেজমিনে আবেদিত বিষয়ের ও সত্যতা পাওয়া যায়। আসন্ন ঝড় বৃষ্টির মৌসুমে ঝুকিপূর্ন গাছগুলো পড়ে গিয়ে জানমাল ও সম্পদের মারাত্বক ক্ষতিসাধনের আশংকা দেখা দিতে পারে। এ ব্যাপারে সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিষয়টি উপস্থাপন করা হয়। | জনস্বার্থে অধিক ঝুকিপূর্ণ ও প্রতিবন্দকতা সৃষ্টিকারি গাছ সরজমিনে তদন্তে বনবিভাগ জরুরী ভিত্তিতে গাছ অপসারন করত: বিধি মোতাবেক আহরিত বনজদ্রব্য নিলামে বিক্রয়ের ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিপিডিএম পল্লীবিদ্যুৎ | ডিপিডিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | তাং১১/২/২৪।জীপ গাড়ী মেরামত বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪৪৭০ তাং২০/২/২৪। | হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। তিনি ফুলবাড়ি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের শিংপুর হাজী তফুর আলী মিয়ার বাড়ীর সম্মুখে প্যালাসাইডিং এর অবশিষ্ট ১,০০,০০০/- কাজ জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.২০৬

তারিখঃ ১৪/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

১৪/০৩/২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

| | | | | |
|---|---|---|---|---|
| | | | থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসের সঞ্চয় আদায় ৪.৯৩ চার লক্ষ তিরানব্বই হাজার টাকা।ঋণের কিস্তি বাবদ ৭৪.০৪ চুয়াত্তর লক্ষ চার হাজার টাকা আদায় করা হয়েছে।ঋণ বিতরন করা হয়েছে ৭৮.৫০ আটাত্তর লক্ষ পঞ্চাশ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন ১ কোটি ৮০ লক্ষ ৬৩ হাজার টাকা, ঋণ আদায় ১ কোটি ৮৭ লক্ষ ৩০ হাজার টাকা। আদায়ের হার ৯৭%। সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ৪ লক্ষ ২ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, ভাদেশ্বর ইউনিয়নের খমিয়া মৌজায় সেচ স্কীমটি এবং শরীফগঞ্জ ইউনিয়নের কালীকৃষ্ণপুরে দুটি সেচ স্কীমের অবকাটামো নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও দক্ষ সেচ ব্যবস্থাপনার জন্য কৃষকদের আরো প্রশিক্ষনের জন্য কৃষকগ্রুপ তৈরি করা হচ্ছে। | খমিয়া ও কালীকৃষ্ণপুর সেচ স্কীম সমুহের বাকী কার্যক্রম গুলো দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | বিবিধ | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ৭৪,৭৫০/- এবং সিসি ক্যামেরা ও সিসি ক্যামেরার সরঞ্জামাদি ক্রয় বাবদ ৭০,৫৫০/- বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ৭৪,৭৫০/- এবং সিসি ক্যামেরা ও সিসি ক্যামেরার সরঞ্জামাদি ক্রয় বাবদ ৭০,৫৫০/- বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | অক্টোবর-ডিসেম্বর/২০২৩ মাসের পরিষদের জীপ গাড়ীর পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট এর বিল ও ভ্যাট বাবদ (৩৯,৮৭৭/- +২৯৯১) চেক প্রদান চেক নং৮৪০৪৪৬২ -৩ তাং১/২/২৪। জনাব রাজন পালের অনুকূলে আনুসংগিক খরচ বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪৪৬৪ তাং৫/২/২৪।জনাব আব্দুল সোবহান, ফাহিমা বেগম এর জানুয়ারি মাসের মজুরী বাবদ (১২৬৫০/- +১২৬৫০/-) চেক প্রদান চেক নং৮৪০৪৪৬৫তাং৫/২/২৪।রাহেল আহমদের অনুকূলে ইন্টারনেট বিল বাবদ ২৪০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪৪৬৯ | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

CS CamScanner

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২৮ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৯ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ৩০ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | - | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | |
| ৪ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | |
| ৫ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | |
| ৬ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |
| ৭ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | |

CamScanner